কালের কণ্ঠ

তারিখ: 23 MAR 2018
পৃষ্ঠা: ২ কলাম: ১

## এইচএসসি পরীক্ষা

# প্রশ্নপত্রের সেট চূড়ান্ত হবে ২৫ মিনিট আগে

নিজস্ব প্রতিবেদক ▷

আসন্ন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষায় প্রশ্নপত্রের বেশ কিছু সেট থাকবে। কেন্দ্রগুলোতেও একাধিক সেট পাঠানো হবে। তবে কোন সেটে পরীক্ষা গ্রহণ করা হবে তা নির্ধারণ হবে পরীক্ষা শুরুর ২৫ মিনিট আগে। কেন্দ্রীয়ভাবে তা কেন্দ্রগুলোকে জানিয়ে দেওয়া হবে। সব বোর্ডে অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে গঠিত জাতীয় মনিটরিং এবং আইন-শৃঙ্খলা কমিটির গতকাল রবিবারের এক সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সভায় সভাপতিত্ব করেন। সভাশেষে শিক্ষামন্ত্রী সাংবাদিকদের বলেন, 'প্রশ্নের অনেক সেট ছাপা হবে। কত সেট প্রশ্ন ছাপা হবে কেউ জানবে না। এটা কৌশলগত ব্যবস্থা। সব শিক্ষার্থীকে বাধ্যতামূলকভাবে পরীক্ষা শুরুর আধঘণ্টা আগে নিজ নিজ আসনে বসতে হবে। অনিবার্য কারণে কেউ দেরিতে এলে তাকে রেজিস্টারে নাম-ঠিকানা ও রোল নম্বর নিবন্ধন করে কেন্দ্রে ঢুকতে হবে।'

মন্ত্রী নাহিদ আরো বলেন, 'প্রশ্ন ফাঁস বা ফাঁসের গুজবের কার্যক্রম দেখে প্রতীয়মান হয় যে তাদের (প্রশ্ন ফাঁসকারী) লক্ষ্য সরকার, শিক্ষা মন্ত্রণালয় ও বর্তমান শিক্ষাব্যবস্থাকে বিতর্কিত করা। এর মধ্যে পরিকল্পিত উদ্দেশ্য রয়েছে। তবে আমাদের সন্তান, তথা ভবিষ্যৎ প্রজন্ম যাতে বিপথগামী না হয়, সে জন্য সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। অভিভাবকদের আরো সচেতন হতে হবে।'

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব সোহরাব হোসাইন বলেন, 'পরীক্ষার আগমুহূর্তে প্রশ্নপত্রের সব সেট নিরাপত্তা মোড়কে কেন্দ্রে পাঠানো হবে। এবার সিকিউরিটি কোডের মাধ্যমে ডাবল প্যাকেটে প্রশ্ন পাঠানো হবে। পরীক্ষা শুরুর ২৫ মিনিট আগে ঢাকায় কেন্দ্রীয়ভাবে লটারি করে কোন সেটে পরীক্ষা হবে তা সংশ্লিষ্ট কেন্দ্রগুলোকে জানিয়ে দেওয়া হবে।' তিনি আরো বলেন, 'বর্তমান প্রক্রিয়ায় প্রশ্নপত্র ফাঁস হবে না—তার শতভাগ নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। তবে আশা করি অতীতে যে ক্ষতি হয়েছে তা আর হবে না।' সভায় জানানো হয়, এইচএসসি পরীক্ষা আগামী ২ এপ্রিল শুরু হয়ে চলবে ১৪ মে পর্যন্ত। ৩০ দিন পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং এর ব্যাপ্তিকাল ৪৩ দিন।